



# বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড


## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অধীনে সরকারী আদেশ অনুযায়ী প্রচলিত বেতন স্কেল ও ভাতাদিতে নিম্নে বর্ণিত পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ এবং প্যানেল তৈরীর লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে বোর্ডের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে :-

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪
১।	উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ/যান্ত্রিক/সিভিল/পাওয়ার/ইলেকট্রনিক্স) টাঃ৳০০০-৪৫০x৭-১১১৫০-ইবি-৪৯০x১১- ১৬৫৪০/- (এনপিএস/২০০৯) টাকা এবং অন্যান্য প্রচলিত ভাতাদি।	১৩২(একশত বত্রিশ)টি (পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হইতে পারে)।	তড়িৎ/যান্ত্রিক/সিভিল/পাওয়ার/ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা। এসএসসি/সমমান অথবা ডিপ্লোমা পরীক্ষার যে কোন একটিতে প্রথম বিভাগ অথবা জিপিএ ৩.০০ থাকিতে হইবে এবং কোন পরীক্ষাতেই তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য হইবে না।

### শর্তাবলীঃ

- উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ/যান্ত্রিক/সিভিল/পাওয়ার/ইলেকট্রনিক্স) পদের জন্য বয়স সীমা ২১-৬-২০১২. তারিখে ১৮- ৩০ বৎসর। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে উর্ধ্ব বয়স ৩২ বৎসর। বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিভাগীয় প্রার্থীগণের উর্ধ্ব বয়স ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।
- সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
- নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সংশ্লিষ্ট সরকারী নীতিমালা/বিধি-বিধান অনুসরণ করা হইবে।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্র কন্যা,এতিম, প্রতিবন্ধী এবং উপজাতি প্রার্থীদের সর্বশেষ সরকারী নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ সহ আবেদন পত্র দাখিল করিতে হইবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে তাহাদের পিতা-মাতা/পিতামহ/মাতামহের অনুকূলে মুক্তিযুদ্ধে অংশ গ্রহণের স্বপক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ও মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র বা ১৯৯৭-২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধান মন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত কপি আবেদন পত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (ক) দরখাস্তের সহিত প্রার্থীদের (১) উপ-পরিচালক (হিসাব), কোয়াক, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা-এর অনুকূলে ২০০/- (দুইশত) টাকার অফেরতযোগ্য ক্রসড পোস্টাল অর্ডার, (২) সদ্য তোলা তিন কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি, (৩) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সকল পরীক্ষা পাশের মূল সনদের সত্যায়িত অনুলিপি, (৪) দুইজন অনাত্মীয় ১ম শ্রেণীর কর্মকর্তার নিকট হইতে দুইটি চারিত্রিক সনদপত্র (৫) প্রার্থী যে জেলার স্থায়ী বাসিন্দা সেই সম্পর্কে নিজ স্থায়ী ঠিকানার সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা ওয়ার্ড কমিশনারের নিকট হইতে নাগরিকত্বের সনদ, (৬) উপ-জাতীয় প্রার্থীদের ক্ষেত্রে নিজ জেলার জেলা প্রশাসকের নিকট হইতে প্রত্যয়নপত্র, (৭) নিজ ঠিকানা লিখিত ও ৩ (তিন) টাকা মূল্যের স্ট্যাম্পযুক্ত ২৮x১১ সেঃ মিঃ সাইজের একটি খাম আবেদন পত্রের সহিত সংযোজন করিতে হইবে।
- (খ) দরখাস্তের নির্ধারিত ফরম বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ওয়েব সাইট ([www.bpdb.gov.bd](http://www.bpdb.gov.bd)) হইতে ডাউনলোড করা যাইবে। ইহাছাড়া কক্ষ নং-৪১১, ওয়াপদা ভবন (৫ম তলা), মতিঝিল, ঢাকা এবং আব্দুল গণি রোডস্থ বিদ্যুৎ ভবনে বিউবোর প্রধান প্রকৌশলী, পূর্তকর্ম এর দপ্তর, বিউবোর্ডের বিতরণ জোনের প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রংপুর/রাজশাহী/ময়মনসিংহ এবং প্রধান প্রকৌশলী, খুলনা বিদ্যুৎ কেন্দ্র এর দপ্তর হইতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাইবে।
- (গ) আবেদনপত্রে কোন ভুল তথ্য পরিবেশন করিলে অথবা চাহিদাকৃত কাগজপত্র সঠিক ও সম্পূর্ণরূপে সংযোজন করা না হইলে অথবা নির্ধারিত তারিখের পরে পাওয়া গেলে আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। কোন ক্রমেই পরবর্তীতে কোন কাগজপত্র/প্রত্যয়নপত্র গ্রহণ করা হইবে না। খামের উপর প্রার্থী পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে। মুক্তিযোদ্ধার সন্তান হইলে আবেদন পত্রের উপর উহা স্পষ্টভাবে লিখিতে হইবে।
- ৬। আবেদন পত্র আগামী ২১-৬ -২০১২ ইং তারিখের মধ্যে পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন (৫ম তলা), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ ঠিকানায় জমা দিতে/পৌঁছাইতে হইবে। উক্ত তারিখের পরে ডাকযোগে বা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রাপ্ত আবেদনও গৃহীত হইবে না।

  
পরিচালক  
কর্মচারী পরিদপ্তর  
বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।